বিষয়ঃ রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার খরচ মিটানোর জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে ।

১। নথির পত্রাংশ ক্রমিক নং ১ ও ২ দেখা যেতে পারে। রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর-২০২৬ এবং ২৩ ও ২৪ সেপ্টেম্বর-২০২৬ ইং তারিখ মোট ৪ (চার) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-১ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/৪৩ তাং ১৮/০৮/২৬ ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। উক্ত চার দিন ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৯ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মচারীসহ পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণ সহ এবং পুলিশ ফোর্সের আপ্যায়ন এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ইত্যাদি খরচ বাবদ ৪ (চার) দিনে (৪ × ১৮,০০০) = ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরুপঃ-

ক) পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ	৩,০০০/- × ৪ দিন = ১২,০০০/-
খ) সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য খরচ বাবদ	৭০০০/- × ৪ দিন = ২৮,০০০/-
গ) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা বাবদ	৫০০০/- × ৪ দিন = ২০,০০০/-
ঘ) শ্রমিক ও অন্যান্য আনুসাঙ্গিক খরচ বাবদ	৩০০০/- × ৪ দিন = ১২,০০০/-
	মোট = ৭২,০০০/-

২। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্নিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে উল্লেখিত সর্বমোট = ৭২,০০০/- (বাহত্তর হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০২৫ এর ১০০ ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৯ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলো। উল্লেখিত টাকা খরচের ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০১/০৯/২৬

মো: জিয়াউল আলম ঝিনুক
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০৯,
ঢাকা ওয়াসা।

মোঃ সোহরাব হোসেন
রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৯
ঢাকা ওয়াসা।

DCRO

১-৯-২৬

তানবীর আহমেদ সিদ্দিকী
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৯
ঢাকা ওয়াসা।

DCAO-1

Magistrate program note sheet

ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

বোর্ড বিষয়ক বিভাগ

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

website: www.dwasa.org.bd

স্মারক নং- ৪৬.১১৩.২১৮.০০.০০.০০১.২০২৫- ৮০৩ তারিখ ঃ ১৮ জুন ২০২৬

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালত পরিচালনার বরাদ্দ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ১৪ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা কর্মসম্পাদন সহায়তা কমিটির ২১-তম সভার আলোচ্যসূচী-৫ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

সিদ্ধান্ত-৫ঃ ঢাকা ওয়াসার ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রতিদিনের বরাদ্দ নিম্নোরূপভাবে পুনর্নিধারণ করা হলোঃ

১.	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
২.	সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য বাবদ ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭,০০০/-
৩.	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫,০০০/-
৪.	শ্রমিক ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
	সর্বমোট=	১৮,০০০/-

কার্যক্রম গ্রহণ/বাস্তবায়নেঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব, ঢাকা ওয়াসা
ও সদস্য-সচিব, কর্মসম্পাদন সহায়তা কমিটি।
ফোনঃ + ৮৮০২-৫৫০১২৪০৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

১। আহ্বায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, ঢাকা ওয়াসা।
২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩। অফিস কপি।

CamScanner

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অফিস-০১
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন(১৪ তলা)
কাওরান বাজার ঢাকা-১২১৫
www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/ ৪৬ তারিখঃ ১৮/০৮/২০২৬

বিষয়: সেপ্টেম্বর/২০২৬ইং মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকার নিম্নলিখিত এলাকায় ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন) এবং অন্যান্য আইন অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০১/০৯/২৬খ্রি. হতে ৩০/০৯/২৬ খ্রি. তারিখ পর্যন্ত সময় নির্ধারিত করা হয়েছে।

ক্রমিক নং	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
১	০৬	রমনা, মতিঝিল, রামপুরা, খিলগাঁও, পল্টন।	০১/০৯/২৬, ০২/০৯/২৬, ১৫/০৯/২৬, ১৬/০৯/২৬,
২	০১	যাত্রাবাড়ী,মতিঝিল, ওয়ারী, সূত্রাপুর	০৩/০৯/২৬, ০৬/০৯/২৬, ১৭/০৯/২৬, ২০/০৯/২৬, ২৪/০৯/২৬
৩	০৪	মিরপুর মডেল থানা, রূপনগর, পল্লবী, শাহআলী, দারুসসালাম।	০৭/০৯/২৬, ০৮/০৯/২৬, ২১/০৯/২৬, ২২/০৯/২৬
৪	০১	উত্তরা, এয়ার পোর্ট, বিমানবন্দর, উত্তর খান, দক্ষিণ খান।	০৯/০৯/২৬, ১০/০৯/২৬, ২৩/০৯/২৬, ২৪/০৯/২৬
৫	১০	মিরপুর মডেল থানা,কাফরুল,পল্লবী,ভাষানটেক।	১৩/০৯/২৬, ১৪/০৯/২৬, ২৭/০৯/২৬, ২৮/০৯/২৬, ৩০/০৯/২৬

এমতাবস্থায়, উপর্যোল্লিখিত তারিখে সকাল ৮.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসার সহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স [illegible] মিরপুর পুলিশ লাইন্স/ রাজারবাগ পুলিশ লাইন্স/ সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০

মোছাঃ রুমানা আফরোজ
(সিনিয়র সহকারী সচিব)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-১, ঢাকা ওয়াসা
ফোন: ০২-৫৫০১২০০৭
ruto.afroze102@gmail.com

স্মারক ৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/ ৪৬ তারিখঃ ১৮/০৮/২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ব্যবস্থাপনা পরিচালক,ঢাকা ওয়াসা।
২. উপ- ব্যবস্থাপনা পরিচালক(মানব সম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/,ঢাকা ওয়াসা।
৩. জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
৪. সচিব, ঢাকা ওয়াসা।
৫. বাণিজ্যিক ব্যবস্থাপক,ঢাকা ওয়াসা।
৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৭. উপ-পুলিশ কমিশনার(অপারেশন), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, রমনা, ঢাকা ওয়াসা।
৮. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আদালত-১/২/৩, ঢাকা ওয়াসা।
৯. নির্বাহী প্রকৌশলী, মডস জোন০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। একজন উপ-বিভাগীয় প্রকৌশলীর নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছিন্নকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১০. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছিন্নকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১১. অফিসার ইনচার্জ.. ঢাকা মেট্রোপলিটন পুলিশ,ঢাকা।
১২. পরিবহন কর্মকর্তা,ঢাকা ওয়াসা।নির্ধারিত সকাল ৮.০০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস জ্বালানীসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১৩. অফিস কপি।

১৮/০৮/২৬

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-১,ঢাকা ওয়াসা

CamScanner